

“শেখ হাসিনার বারতা  
নারী পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
৩৭/৩ইক্সটেন গার্ডেন রোড, ঢাকা।  
email: kkcpadmn@gmail.com



স্মারকনং-৩২.০১.০০০০.০০৩.১৪.০০২.১৮- ৫০০

তারিখঃ ০৮/১২/২০২০

বিষয়ঃ সঙ্গীত শিক্ষক ও আবৃত্তি শিক্ষক পদে নিয়োগের নিমিত্ত প্যানেল তৈরি পূর্বক পুনঃপ্রেরণ সংক্রান্ত।


সূত্র স্মারক নং-৩২.০১.০০০০.০০৩.১১.০২৩.১৯-৩৭২

তারিখঃ ০৮/০৩/২০২০

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় সারাদেশে ৪৮৮৩ জন সঙ্গীত শিক্ষক ও ৪৮৮৩ জন আবৃত্তি শিক্ষক নিয়োগ প্রদানের কথা উল্লেখ রয়েছে। সূত্রে বর্ণিত স্মারকে সঙ্গীত শিক্ষক ও আবৃত্তি শিক্ষক নিয়োগের যোগ্যতা, বেতন ও অন্যান্য শর্তাবলী প্রেরণ করা হয়েছিল (কপি সংযুক্ত)। কিন্তু এ পর্যন্ত সারাদেশে সঙ্গীত ও আবৃত্তি শিক্ষক স্বল্পতার কারণে উপজেলা ভিত্তিক ক্লাবের সংখ্যার ভিত্তিতে ২৯২২ জন সঙ্গীত শিক্ষক এবং ২৮১৪ জন আবৃত্তি শিক্ষক নিয়োগ প্রদান করা হয়েছে। যে সকল উপজেলার ক্লাবগুলোতে সঙ্গীত শিক্ষক ও আবৃত্তি শিক্ষকের পদসংখ্যা শূন্য রয়েছে সে সকল উপজেলায় স্থানীয়ভাবে উপজেলা নির্বাহী অফিসারের স্বাক্ষরে বিজ্ঞপ্তি(সূত্রে বর্ণিত যোগ্যতা, বেতন ও অন্যান্য শর্ত মোতাবেক) প্রকাশ করে ২০/০১/২০২১ তারিখের মধ্যে পূর্বের ন্যায় ১ টি পদের বিপরীতে ৩ জনের প্যানেল তৈরি করে হার্ডকপি প্রকল্প পরিচালক বরাবর এবং প্যানেলের সফট কপি (Nikosh)ফন্টে প্রকল্পের ইমেল-kkcpadmn@gmail.com এ পুনঃপ্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। যে সকল উপজেলায় সঙ্গীত ও আবৃত্তি শিক্ষকের পদসংখ্যা পূরণ রয়েছে কিন্তু পরবর্তীতে কোন শূন্য পদের সৃষ্টি হলে তা পূরণ করার জন্য কোন প্যানেল তৈরি করা হয়নি সে সকল উপজেলাগুলোকে প্রতিটি পদের বিপরীতে ৩ জনের প্যানেল তৈরি পূর্বক উপরোক্ত মাধ্যমে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ-১ ফর্দ

উপজেলা নির্বাহী অফিসার (সকল)  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল)

  
(জয়ন্ত কুমার সিকদার)  
প্রকল্প পরিচালক (যুগ্ম-সচিব)  
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প  
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

অনুলিপিঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ২। জেলা প্রশাসক (সকল)
- ৩। উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর (সকল জেলা)
- ৪। অফিস কপি।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
৩৭/৩ ইফাটন গার্ডেন রোড, ঢাকা।

Email: [pdkishori2018@gmail.com](mailto:pdkishori2018@gmail.com)

তারিখঃ ০৮/০৩/২০২০

স্মারক নং- ৩২.০১.০০০০.০০৩.১১.০২৩.১৯- ৬৭২

বিষয়ঃ সঙ্গীত শিক্ষক ও আবৃত্তি শিক্ষক পদে নিয়োগের নিমিত্ত প্যানেল তৈরি পূর্বক প্রেরণ সংক্রান্ত।

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় সারাদেশে ৪৮৮৩ জন সঙ্গীত শিক্ষক ও ৪৮৮৩ জন আবৃত্তি শিক্ষক নিয়োগ প্রদানের কথা উল্লেখ করা রয়েছে। কিন্তু এ পর্যন্ত সারাদেশে সঙ্গীত ও আবৃত্তি শিক্ষক স্বল্পতার কারণে উপজেলা ভিত্তিক ক্লাবের সংখ্যার ভিত্তিতে ২৯২২ জন সঙ্গীত শিক্ষক এবং ২৮১৪ জন আবৃত্তি শিক্ষক নিয়োগ প্রদান করা হয়েছে। যে সকল উপজেলার ক্লাব গুলোতে সঙ্গীত শিক্ষক ও আবৃত্তি শিক্ষকের পদসংখ্যা শূন্য রয়েছে সে সকল উপজেলাগুলোকে আগামী ২০/০৩/২০২০ তারিখের মধ্যে পূর্বের ন্যায় ১ টি পদের বিপরীতে ৩ জনের প্যানেল তৈরি করে প্রকল্প পরিচালকের বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো। যে সকল উপজেলায় সঙ্গীত ও আবৃত্তি শিক্ষকের পদসংখ্যা পূরণ রয়েছে কিন্তু পরবর্তীতে কোন শূন্য পদের সৃষ্টি হলে তা পূরণ করার জন্য কোন প্যানেল তৈরি করা হয়নি সে সকল উপজেলাগুলোকে প্রতিটি পদের বিপরীতে ৩ জনের প্যানেল তৈরি পূর্বক প্রকল্প পরিচালকের বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সঙ্গীত ও আবৃত্তি শিক্ষকদের যোগ্যতাসমূহ:

ক্রমিক নং	পদের নাম, বেতন/সাকুল্য বেতন	যোগ্যতা
০১।	সঙ্গীত শিক্ষক দৈনিক ভিত্তিক ৫০০/- (সপ্তাহে এক দিন)	এস.এস.সি পাশ এবং সঙ্গীত বিষয়ে ডিপ্লোমা/ শিল্পকলা একাডেমীর প্রশিক্ষণ সনদপ্রাপ্ত/ রেডিও টিভির তালিকাভুক্ত শিল্পী/ সঙ্গীত শিক্ষক হিসেবে প্রতিষ্ঠিত কোন একাডেমীতে কর্মরত। মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। তবে উল্লেখ্য যে, অভিজ্ঞ প্রার্থীদের বয়স ও যোগ্যতা শিথিলযোগ্য।
০২।	আবৃত্তি শিক্ষক দৈনিক ভিত্তিক ৫০০/- (সপ্তাহে এক দিন)	এস.এস.সি পাশ এবং আবৃত্তি বিষয়ে ডিপ্লোমা/ শিল্পকলা একাডেমীর প্রশিক্ষণ সনদপ্রাপ্ত/ রেডিও টিভির তালিকাভুক্ত শিল্পী/ আবৃত্তি শিক্ষক হিসেবে প্রতিষ্ঠিত কোন একাডেমীতে কর্মরত। মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। তবে উল্লেখ্য যে, অভিজ্ঞ প্রার্থীদের বয়স ও যোগ্যতা শিথিলযোগ্য।

মোঃ আব্দুল ওয়াদুদ

প্রকল্প পরিচালক (অতিঃ দাঃ)

কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প

মহিলা বিষয়ক অধিদপ্তর

উপজেলা নির্বাহী অফিসার (সকল)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল)।

অনুলিপিঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

২। জেলা প্রশাসক (সকল)।

৩। উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর (সকল জেলা)।

৪। অফিস কপি।

সুজন কুমার রায়  
অফিস সহঃ কার কন্সিউটার অপারেটর  
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প  
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।